

শঙ্কিতা

স্নিগ্ধ নিশার নরম ছোঁওয়ায়
শরম লাগে ওর,
রাতের মরম বুঝবে কি ও -
লাগায় লাজে দোর।
শঙ্কে চলে লোকের ভয়ে,
ভুকুটি তার শয়ে শয়ে;
রকম দেখে সবাই কয়,
‘কেমন বলাই তোর?’
পরান গেলেও কয়না কথা -
রাত্রি জেগে ভোর;
পরম শিথিল তবুও অনেক
কঠিন বাহু ডোর।।

অধর কাঁপে কথার ভারে,
অশ্রু ঘনায় চোখে,
ভাদর ঝরে ভাবের স্রোতে -
বলবে কি আর লোকে?
আকাশ ঘনায় চোখের নীলে,
ধুলায় মেখে কি মুশকিলে
উড়তে যে চায় শঙ্খচীলে -
কেই বা তাকে রোখে?
ভাসতে যে চায় শূন্য নভে
কোন সে হাওয়ার ঝোঁকে?

স্বপ্ন নামে দু চোখ বেয়ে,
স্বপ্ন জাগায় রাত,
একটি বারও কয়না মুখে
চায় সে আমার সাথে।
অনেক কথার মাঝেও সে চুপ,
সন্ধ্যা বেলায় জ্বালিয়ে ধূপ
একাই বসে দেখি সে রূপ -
কই ধরে সে হাত?

মৌন চকোর একলা চাঁদের
সঙ্গে জাগে রাত।।

৩১/১০/১৯৯৫

সুদীপ্ত দাস